রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৩, ২০২৩

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ/০১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৭৭-আইন/২০২৩।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ২০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ঈ) এর পর নিম্নরূপ উপ-দফা (উ) সংযোজিত হইবে, যথা:—

"(উ) চেয়ারম্যান পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতে ইচ্ছুক প্রার্থী তাহার মনোনয়নপত্র ফরম 'ক' এর সহিত নির্ধারিত ফরমে হলফনামা, যাহাতে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ থাকিবে, যথা:—

(১) তাহার সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি;

(২) বর্তমানে তিনি কোনো ফৌজদারী মামলায় অভিযুক্ত আছেন কিনা;

(৩) তাহার বিরুদ্ধে অতীতে দায়েরকৃত কোনো ফৌজদারী মামলার রেকর্ড আছে কিনা, থাকিলে উহার রায় কি ছিল;

(৪) তাহার ব্যবসা বা পেশার বিবরণী;

(৫) তাহার আয়ের উৎস বা উৎসসমূহ;

(৬) তাহার নিজের ও অন্যান্য নির্ভরশীলদের সম্পদ ও দায় এর বিবরণী; এবং

(৭) কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে তদকর্তৃক একক বা যৌথভাবে বা তাহার উপর নির্ভরশীল সদস্য কর্তৃক গৃহীত ঋণের পরিমাণ অথবা কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক বা পরিচালক হওয়ার সুবাদে উক্ত প্রতিষ্ঠান হইতে গৃহীত ঋণের পরিমাণ।";

(২) বিধি ৪১ এর—

(ক) উপান্তটীকার পরিবর্তে নিম্নরূপ উপান্তটীকা প্রতিস্থাপিত হইবে, যথা:—

"ফলাফল একত্রীকরণের নোটিশ ও ভোটের সমতার ক্ষেত্রে লটারি, ইত্যাদি";

(খ) উপ-বিধি (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৬) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৬) যেক্ষেত্রে ফলাফল একত্রীকরণ বা ভোট গণনার পর দেখা যায় যে, দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মধ্যে ভোটের সংখ্যা সমান এবং অনুরূপ প্রার্থীর পক্ষে একটি ভোট যোগ হইলে, তিনি নির্বাচিত ঘোষিত হইবেন, সেইক্ষেত্রে রিটার্নিং অফিসার তৎক্ষণাৎ উক্তরূপ প্রার্থীগণের মধ্যে লটারি করিবেন এবং লটারির ফলাফল যে প্রার্থীর পক্ষে যাইবে তিনি সর্বোচ্চ ভোট প্রাপ্ত হইয়াছেন মর্মে গণ্য হইবে এবং বিজয়ী ঘোষিত হইবেন;

তবে শর্ত থাকে যে, উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ এবং তাহাদের নির্বাচনি এজেন্টগণের সম্মুখে লটারি করিতে হইবে, রিটার্নিং অফিসার লটারির প্রক্রিয়া লিখিতভাবে রেকর্ড করিবেন এবং উহাতে লটারির প্রক্রিয়া প্রত্যক্ষকারী প্রার্থী ও তাহাদের নির্বাচনি এজেন্টগণের স্বাক্ষর গ্রহণ করিবেন।";

(৩) তফসিল-১ এর ফরম-ক (চেয়ারম্যান নির্বাচনে প্রার্থীর মনোনয়ন) এর পঞ্চম খণ্ডের পর নিম্নরূপ হলফনামা সংযোজিত হইবে, যথা:—

**হলফনামা**

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আমি | | | | | | | | | | | | |
| | (প্রার্থীর নাম) | | | | | | | | | | | |
| জন্ম তারিখ | | | দিন | | | মাস | | | | | বৎসর | |
| পিতা/স্বামীর নাম | | | | | | | | | | | | |

| মাতার নাম | |
|---|---|

| বর্তমান ঠিকানা | |
|---|---|

| স্থায়ী ঠিকানা | |
|---|---|

[ ] ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে নির্বাচনে প্রার্থীরূপে প্রতিদ্বন্দ্বিতা করিতে ইচ্ছুক। আমি এই মর্মে শপথপূর্বক ঘোষণা করিতেছি যে,

১. আমার সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা [ ] এবং সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি

(উত্তীর্ণ পরীক্ষার নাম)

এতদসংগে সংযুক্ত করিলাম।

২.ক. আমি বর্তমানে ফৌজদারি মামলায় অভিযুক্ত নহি [ ] [প্রযোজ্য হলে টিক চিহ্ন দিন]।

অথবা

২.খ. আমি বর্তমানে ফৌজদারি মামলায় অভিযুক্ত এবং উহার বিস্তারিত বিবরণ :

| ক্রমিক নম্বর | যে আইন ও আইনের ধারায় মামলা দায়ের করা হইয়াছে | যে আদালত মামলাটি আমলে নিয়াছে | মামলা নম্বর | মামলার বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |
| | | | | |
| | | | | |

৩.ক. অতীতে আমার বিরুদ্ধে কোনো ফৌজদারি মামলা দায়ের করা হয় নাই [ ] [প্রযোজ্য হলে টিক চিহ্ন দিন]।

অথবা

৩.খ. অতীতে আমার বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারি মামলা বা মামলাসমূহ এবং উহার ফলাফলের বিবরণ :

| | ক্রমিক নম্বর | যে আইন ও আইনের ধারায় মামলা দায়ের করা হইয়াছে | যে আদালত মামলাটি আমলে নিয়াছে | মামলা নম্বর | মামলার ফলাফল |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | ১ | | | | |
| | ২ | | | | |
| | ৩ | | | | |

৪. আমার ব্যবসা/পেশার বিবরণী :

| |
|---|
| |

৫. আমার এবং আমার উপর নির্ভরশীলদের আয়ের উৎস/উৎসসমূহ :

| ক্রমিক নম্বর | আয়ের উৎসের বিবরণ | উক্ত খাত হইতে প্রার্থীর বাৎসরিক আয় | প্রার্থীর উপর নির্ভরশীলদের আয় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | কৃষিখাত | | |
| ২। | বাড়ি/এপার্টমেন্ট/দোকান বা অন্যান্য ভাড়া | | |
| ৩। | ব্যবসা | | |
| ৪। | শেয়ার, সঞ্চয়পত্র/ব্যাংক আমানত | | |
| ৫। | পেশা (শিক্ষকতা, চিকিৎসা, আইন, পরামর্শক ইত্যাদি) | | |
| ৬। | চাকরি | | |
| ৭। | অন্যান্য (সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে) | | |

৬. আমার, আমার উপর নির্ভরশীল ব্যক্তি/ব্যক্তিবর্গের এবং আমার স্ত্রী/স্বামীর পরিসম্পদ এবং দায়ের বিবরণী :

(ক) অস্থাবর সম্পদ

| ক্রমিক নম্বর | মনোনয়নপত্র দাখিলের তারিখে সম্পদের ধরন | নিজ নামে | স্ত্রী/স্বামীর নামে | নির্ভরশীলের নামে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | নগদ টাকা | | | |
| ২। | বৈদেশিক মুদ্রা (মুদ্রার নামসহ) | | | |
| ৩। | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে জমাকৃত অর্থের পরিমাণ | | | |

| ক্রমিক নম্বর | মনোনয়নপত্র দাখিলের তারিখে সম্পদের ধরন | নিজ নামে | স্ত্রী/স্বামীর নামে | নির্ভরশীলের নামে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪। | বন্ড, ঋণপত্র, স্টক একচেঞ্জে তালিকাভুক্ত ও তালিকাভুক্ত নয় এমন কোম্পানীর শেয়ার | | | |
| ৫। | পোস্টাল, সেভিংস সার্টিফিকেটসহ বিভিন্ন ধরনের সঞ্চয়পত্রে বা স্থায়ী আমানতে বিনিয়োগ | | | |
| ৬। | বাস, ট্রাক, মোটরগাড়ি, লঞ্চ, স্টিমার, বিমান ও মোটর সাইকেল ইত্যাদির বিবরণী | | | |
| ৭। | স্বর্ণ ও অন্যান্য মূল্যবান ধাতু ও পাথর নির্মিত অলংকারাদি | | | |
| ৮। | ইলেকট্রনিক সামগ্রী | | | |
| ৯। | আসবাবপত্রের বিবরণী | | | |
| ১০। | অন্যান্য | | | |

(নির্ভরশীলদের সংখ্যা অধিক হইলে অতিরিক্ত কাগজে তথ্য প্রদান করিতে হইবে)

(খ) স্থাবর সম্পদ

| ক্রমিক নম্বর | সম্পদের বিবরণ | নিজ নামে | স্ত্রী/স্বামীর নামে | নির্ভরশীলের নামে | যৌথ মালিকানা | যৌথ মালিকানার ক্ষেত্রে প্রার্থীর অংশ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | কৃষি জমি | | | | | |
| ২। | অকৃষি জমি | | | | | |
| ৩। | দালান, আবাসিক/বাণিজ্যিক | | | | | |
| ৪। | বাড়ি/এপার্টমেন্ট | | | | | |
| ৫। | চা বাগান, রাবার বাগান, মৎস্য খামার ইত্যাদির মূল্য | | | | | |
| ৬। | অন্যান্য (বিস্তারিত বিবরণ, বর্তমান মূল্যসহ) | | | | | |

(নির্ভরশীলদের সংখ্যা অধিক হইলে অতিরিক্ত কাগজে তথ্য প্রদান করিতে হইবে)

(গ) দায়-দেনাসমূহ

| দায়-দেনাসমূহের প্রকৃতি ও বর্ণনা | পরিমাণ |
|---|---|
| ১ | ২ |
| | |

(পরিসম্পদ ও দায়ের বিবরণী দাখিল করিতে প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযুক্ত করা যাইবে)

৭. ঋণ সংক্রান্ত তথ্যাবলি : (অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন)

(ক) আমি একক বা যৌথভাবে বা আমার উপর নির্ভরশীল কোনো সদস্য অথবা কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ম্যানেজিং ডিরেক্টর বা ডিরেক্টর হওয়ার সুবাদে আমি কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে কোনো ঋণ গ্রহণ করি নাই।

অথবা

(খ) আমি আমার একক বা যৌথভাবে বা আমার উপর নির্ভরশীল কোনো সদস্য অথবা কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ম্যানেজিং ডিরেক্টর বা ডিরেক্টর হওয়ার সুবাদে উক্ত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত ঋণের পরিমাণ নিম্নে উল্লেখ করিলাম :

| ঋণের ধরন | ব্যাংক/ প্রতিষ্ঠানের নাম | ঋণের পরিমাণ | খেলাপী ঋণের পরিমাণ (যদি থাকে) | পুনঃ তফসিলীকরণ করা হইয়া থাকিলে উহার সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| একক | | | | |
| যৌথ | | | | |

| ঋণের ধরন | ব্যাংক/ প্রতিষ্ঠানের নাম | ঋণের পরিমাণ | খেলাপী ঋণের পরিমাণ (যদি থাকে) | পুনঃ তফসিলীকরণ করা হইয়া থাকিলে উহার সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| নির্ভরশীল ব্যক্তি বা ব্যক্তিবর্গ | | | | |
| কোনো প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ম্যানেজিং ডিরেক্টর বা ডিরেক্টর হওয়ার সুবাদে | | | | |

আমি শপথপূর্বক আরও ঘোষণা করিতেছি যে, এই হলফনামায় প্রদত্ত যাবতীয় তথ্য এবং এতদসংগে দাখিলকৃত সকল দলিল দস্তাবেজ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

তারিখঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর ☐

মনোনীত প্রার্থীর স্বাক্ষর/টিপসহি

এতদ্বারা জনাব/বেগম ☐

(প্রার্থীর নাম)

পিতা/স্বামীর নাম : ☐

মাতার নাম : ☐

ঠিকানা : ☐

যিনি জনাব/বেগম : ☐

(শনাক্তকারীর নাম)

ঠিকানা : ☐

এর মাধ্যমে শনাক্তকৃত হইয়া অদ্য ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর তারিখে আমার সম্মুখে শপথপূর্বক উপরে বর্ণিত হলফনামা প্রদান করিয়াছেন।

তারিখঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর ☐

ম্যাজিস্ট্রেট/নোটারি পাবলিকের
নাম ও স্বাক্ষর";

(৪) "তফসিল-২" এর পরিবর্তে নিম্নরূপ "তফসিল-২" প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তফসিল-২

[বিধি ১৯(১)(ক) দ্রষ্টব্য]

চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য বরাদ্দযোগ্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| ক্রমিক নম্বর | নিবন্ধন নম্বর | রাজনৈতিক দলের পূর্ণ নাম | দলের সংক্ষিপ্ত নাম (যদি থাকে) | সংরক্ষিত প্রতীক |
|---|---|---|---|---|
| ১। | ০০১ | লিবারেল ডেমোক্রেটিক পার্টি | এল.ডি.পি | ছাতা |
| ২। | ০০২ | জাতীয় পার্টি-জেপি | জে.পি. | বাইসাইকেল |
| ৩। | ০০৩ | বাংলাদেশের সাম্যবাদী দল (এম. এল) | সাম্যবাদী দল (এম.এল) | চাকা |
| ৪। | ০০৪ | কৃষক শ্রমিক জনতা লীগ | -- | গামছা |
| ৫। | ০০৫ | বাংলাদেশের কমিউনিস্ট পার্টি | সি পি বি | কাস্তে |
| ৬। | ০০৬ | বাংলাদেশ আওয়ামী লীগ | আওয়ামী লীগ | নৌকা |
| ৭। | ০০৭ | বাংলাদেশ জাতীয়তাবাদী দল | বি এন পি | ধানের শীষ |
| ৮। | ০০৮ | গণতন্ত্রী পার্টি | -- | কবুতর |
| ৯। | ০০৯ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | ন্যাপ | কুঁড়ে ঘর |
| ১০। | ০১০ | বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি | ওয়ার্কার্স পার্টি | হাতুড়ী |
| ১১। | ০১১ | বিকল্পধারা বাংলাদেশ | বিডিবি | কুলা |
| ১২। | ০১২ | জাতীয় পার্টি | জাপা | লাঙ্গল |
| ১৩। | ০১৩ | জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ | জাসদ | মশাল |
| ১৪। | ০১৫ | জাতীয় সমাজতান্ত্রিক দল-জেএসডি | জেএসডি | তারা |
| ১৫। | ০১৬ | জাকের পার্টি | -- | গোলাপ ফুল |
| ১৬। | ০১৭ | বাংলাদেশের সমাজতান্ত্রিক দল | বাসদ | মই |
| ১৭। | ০১৮ | বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি | বিজেপি | গরুর গাড়ী |
| ১৮। | ০১৯ | বাংলাদেশ তরিকত ফেডারেশন | বি টি এফ | ফুলের মালা |
| ১৯। | ০২০ | বাংলাদেশ খেলাফত আন্দোলন | -- | বটগাছ |

| ক্রমিক নম্বর | নিবন্ধন নম্বর | রাজনৈতিক দলের পূর্ণ নাম | দলের সংক্ষিপ্ত নাম (যদি থাকে) | সংরক্ষিত প্রতীক |
|---|---|---|---|---|
| ২০। | ০২১ | বাংলাদেশ মুসলিম লীগ | -- | হারিকেন |
| ২১। | ০২২ | ন্যাশনাল পিপল্‌স পার্টি | এন.পি.পি | আম |
| ২২। | ০২৩ | জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ | -- | খেজুর গাছ |
| ২৩। | ০২৪ | গণফোরাম | গণফোরাম | উদীয়মান সূর্য |
| ২৪। | ০২৫ | গণফ্রন্ট | জি.এফ | মাছ |
| ২৫। | ০২৭ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | বাংলাদেশ ন্যাপ | গাভী |
| ২৬। | ০২৮ | বাংলাদেশ জাতীয় পার্টি | -- | কাঁঠাল |
| ২৭। | ০৩০ | ইসলামিক ফ্রন্ট বাংলাদেশ | আই.এফ.বি | চেয়ার |
| ২৮। | ০৩১ | বাংলাদেশ কল্যাণ পার্টি | কল্যাণ পার্টি | হাতঘড়ি |
| ২৯। | ০৩২ | ইসলামী ঐক্যজোট | আই.ও.জে | মিনার |
| ৩০। | ০৩৩ | বাংলাদেশ খেলাফত মজলিস | -- | রিক্সা |
| ৩১। | ০৩৪ | ইসলামী আন্দোলন বাংলাদেশ | -- | হাতপাখা |
| ৩২। | ০৩৫ | বাংলাদেশ ইসলামী ফ্রন্ট | B I F | মোমবাতি |
| ৩৩। | ০৩৭ | বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | কোদাল |
| ৩৪। | ০৩৮ | খেলাফত মজলিস | -- | দেওয়াল ঘড়ি |
| ৩৫। | ০৪০ | বাংলাদেশ মুসলিম লীগ | বিএমএল | হাত (পাঞ্জা) |
| ৩৬। | ০৪১ | বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট | মুক্তিজোট | ছড়ি |
| ৩৭। | ০৪২ | বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট-বিএনএফ | বিএনএফ | টেলিভিশন |
| ৩৮। | ০৪৩ | জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন | এনডিএম | সিংহ |
| ৩৯। | ০৪৪ | বাংলাদেশ কংগ্রেস | কংগ্রেস | ডাব |
| ৪০। | ০৪৫ | তৃণমূল বিএনপি | -- | সোনালী আঁশ |
| ৪১। | ০৪৬ | ইনসানিয়াত বিপ্লব, বাংলাদেশ | ইনসানিয়াত | আপেল |

| ক্রমিক নম্বর | নিবন্ধন নম্বর | রাজনৈতিক দলের পূর্ণ নাম | দলের সংক্ষিপ্ত নাম (যদি থাকে) | সংরক্ষিত প্রতীক |
|---|---|---|---|---|
| ৪২। | ০৪৭ | বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল | বাংলাদেশ জাসদ | মটরগাড়ি (কার) |
| ৪৩। | ০৪৮ | বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন | বি এন এম | নোঙ্গর |
| ৪৪। | ০৪৯ | বাংলাদেশ সুপ্রিম পার্টি | বি.এস.পি | একতারা |

”।

(৫) "তফসিল-৫" এর পরিবর্তে নিম্নরূপ "তফসিল-৫" প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তফসিল-৫

[বিধি ১৯(১)(ঘ) দ্রষ্টব্য]

সাধারণ আসনের সদস্য পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। কদম ফুল | ৭। টর্চ লাইট |
| ২। ক্রিকেট ব্যাট | ৮। ভ্যান গাড়ি |
| ৩। ঘুড়ি | ৯। বৈদ্যুতিক পাখা |
| ৪। টিউবওয়েল | ১০। মোরগ |
| ৫। পানির পাম্প | ১১। লাটিম |
| ৬। ফুটবল | ১২। তালা |

"।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(মোঃ জাহাংগীর আলম)
সচিব

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd